

সংখ্যা-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪১৮  
০৬ জুন ২০১১

পরিপত্র

বিষয়ঃ প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ অবসর গ্রহণের কারণে শূন্য হলে অথবা তিনি অসুস্থ হলে বা ছুটিতে থাকলে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান না করে অপর কোন কনিষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করা হচ্ছে। জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে কনিষ্ঠ শিক্ষককে দায়িত্ব দেওয়ায় বিদ্যালয়ের প্রশাসনিক শৃংখলা ব্যাহত হয় ফলে বিদ্যালয়ের লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হয়। উদ্ভূত প্রেক্ষাপটে সরকার প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে :

২। বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় তাঁকে ভিন্ন অপর কোন শিক্ষককে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করা যাবে না। সহকারী প্রধান শিক্ষকের পক্ষে কোন কারণে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৩। বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্বভার পালন করবেন। জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)  
সচিব


বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাঃ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। যুগ্ম-সচিব (কলেজ/অডিট ও আইন/কারিগরি ও মাদরাসা/মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

✓ ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয় (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



(নুমেরী জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৫০৩৪১।